গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় অফিস
কিশোরগঞ্জ
cooparative.kishoreganj.gov.bd

**স্মারক নম্বর:** ৪৭.৬১.৪৮০০.০০০.০০০.০৫.০০০২.২৬.৩২১

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩
০৩ মে ২০২৬

বিষয়: **সরকারের নির্বাচনি ইশতেহার ২০২৬ অনুযায়ী সমবায় অধিদপ্তর কর্তৃক প্রণীত বৃক্ষরোপণের কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র: ১। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা মহোদয়ের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২০১.২২.০০১৩.০৫.১৩৯; তারিখ: ৩০.০৪.২০২৬ খ্রিস্টাব্দ;
২। সমবায় অধিদপ্তর এর স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০৪৪.০৫.০০০২.২৬.৮৩(৮); তারিখ: ২৮.০৪২০২৬ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূত্রস্থ ১ নম্বর পত্রের ছায়ালিপি ও উহার সাথে প্রাপ্ত সূত্রস্থ ২ নম্বর পত্রের ছায়ালিপি এতৎসঙ্গে প্রেরণ করা হলো। পত্রের মর্মানুযায়ী সরকারের নির্বাচনি অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২০৩০ পর্যন্ত সময়ে "০৫ (পাঁচ) বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ" বিষয়ে সমবায় অধিদপ্তর কর্তৃক সমবায় সমিতির সদস্যদের মাধ্যমে তাঁদের নিজস্ব জায়গা-জমিতে ও সমিতির নিজস্ব জায়গা-জমিতে ৪৫ লক্ষ বৃক্ষরোপণের কর্মপরিকল্পনা ও কর্মকৌশল নির্ধারণ ক রা হয়েছে। ০৫ (পাঁচ) বছরের প্রণীত কর্মপরিকল্পনার আলোকে ১৮০ দিনের কর্মপরিকল্পনায় ৪ লক্ষ ৫০ হাজার বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, আপনার আওতাধীন **সমবায় সমিতির সদস্যদের নিজস্ব জমিতে, সমিতির নিজস্ব জমিতে বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়ন করে প্রতিমাসের ০৬ তারিখ এবং ২১ তারিখ এর মধ্যে** এতৎসঙ্গে সংযুক্ত ছক মোতাবেক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ দপ্তরে (হার্ড কপি ও সফট কপি - নিকস ফন্টে) প্রেরণের জন্য এবং সংযুক্ত ছকে বর্ণিত **১ম বছরের লক্ষ্যমাত্রা (পত্রের সাথে প্রাপ্ত সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০৪৯.০৫.০০১.১৮.২৭; তারিখ: ২৪.০২.২০২৬ খ্রিস্টাব্দমূলের পত্র) ৩০ শে জুন ২০২৬ এর মধ্যে অর্জনে তাঁর পরিকল্পনা আগামীকাল ০৫.০৫.২০২৬ খ্রিস্টাব্দ দুপুর ১.০০টার মধ্যে** প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক।

**সংযুক্তিসমূহঃ**
(১) যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা মহোদয়ের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২০১.২২.০০১৩.০৫.১৩৯; তারিখ: ৩০.০৪.২০২৬ খ্রিস্টাব্দ।
(২) সমবায় অধিদপ্তর এর স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০৪৪.০৫.০০০২.২৬.৮৩(৮); তারিখ: ২৮.০৪২০২৬ খ্রিস্টাব্দমূলের পত্র ও সংযুক্তি।



০৩-০৫-২০২৬
মোঃ নবীউল ইসলাম
জেলা সমবায় অফিসার
ফোন : ০২৯৯৭৭১১৬৫
ইমেইল : dco_kishoreganj@yahoo.com

উপজেলা সমবায় অফিসার (সকল), কিশোরগঞ্জ।

**স্মারক নম্বর:** ৪৭.৬১.৪৮০০.০০০.০০০.০৫.০০০২.২৬.৩২১/১ (১)

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩
০৩ মে ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা। সদয় অবগতির নিমিত্ত।



০৩-০৫-২০২৬
মোঃ নবীউল ইসলাম
জেলা সমবায় অফিসার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
www.coop.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০৪৪.০৫.০০০২.২৬.৫৩৮

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারের নির্বাচনী ইশতেহার ২০২৬ অনুযায়ী 'সমবায় অধিদপ্তর কর্তৃক প্রণীত বৃক্ষরোপনের কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বিগত ২৭.০৪.২০২৬ তারিখে সচিব মহোদয়ের সভার সিদ্ধান্ত মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২০৩০ পর্যন্ত সময়ে "০৫ (পাঁচ) বছরে ২৫ কোটি বৃক্ষরোপন" বিষয়ে সমবায় অধিদপ্তর কর্তৃক সমবায় সমিতির সদস্যদের মাধ্যমে তাদের বসতভিটা, সমবায় সমিতির অফিস আঙ্গিনায় ৪৫ লক্ষ বৃক্ষরোপনের কর্মপরিকল্পনা ও কর্মকৌশল নির্ধারণ করা হয়। উক্ত ৫ (পাঁচ) বছরের প্রণীত কর্মপরিকল্পনার আলোকে ১৮০ দিনের কর্মপরিকল্পনায় ৪ লক্ষ ৫০ হাজার বৃক্ষরোপন কর্মসূচি বাস্তবায়ন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, বিভাগীয় সমবায় কার্যালয়সমূহ তার আওতাধীন মাঠ কার্যালয়সমূহের আওতায় সমবায় সমিতির সদস্যদের নিজস্ব জমি/সমিতির নিজস্ব জমিতে বৃক্ষরোপন কর্মসূচি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণপূর্বক নিম্নে বর্ণিত ছক মোতাবেক প্রতিমাসের ১৪ তারিখ এবং ৩০ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**ছক**

| ক্রমিক | জেলার নাম | উপজেলার নাম | সমবায় সমিতির নাম | সমিতির সদস্যদের নিজস্ব জমি/সমিতির নিজস্ব জমির মৌজা, খতিয়ান ও দাগ নং (তফসিলসহ) এবং জমির পরিমাণ (জেলা ও উপজেলাওয়ারী) | গাছ বা চারার সংখ্যা (জেলা ও উপজেলা ওয়ারী) | কোন কোন জাতের গাছ (জেলা ও উপজেলাওয়ারী) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |

সংযুক্তিঃ বর্ণনামতে ........ পাতা

২৮.০৪.২৬
শাকিলা হক
উপনিবন্ধক (এমআইএস)
ফোন: +৮৮-০২-২২২২৪৮০৫৭

বিতরণ:

১. যুগ্মনিবন্ধক (সকল), বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/ রাজশাহী/ চট্টগ্রাম/ খুলনা/ বরিশাল/ সিলেট/ ময়মনসিংহ/ রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
এমআইএস
www.coop.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০৪৪.০৫.০০২.২৬. 82 তারিখঃ 01 .০৩.২০২৬

বিষয়: নির্বাচনী ইশতেহার-২০২৬ বাস্তবায়নে সমবায় অধিদপ্তরের ১৮০ দিনের কর্মপরিকল্পনা প্রণয়ন।

সূত্র: পল্লী উন্ন: ও সমবায় বিভাগের স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০০০.০৩২.১৬.০০১৪.২৬.১৪০ তা: ২৬.০২.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের আলোকে নির্বাচনী ইশতেহার-২০২৬ বাস্তবায়নে সমবায় অধিদপ্তরের ১৮০ দিনের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

২. এমতাবস্থায়, কর্মপরিকল্পনাটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক ...05... পাতা।

02/03/2026
মো: ইসমাইল হোসেন
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: +৮৮-০২-৯১৩৬৫৯৫

সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: উপসচিব (প্রশাসন শাখা- ১)

# নির্বাচনী ইশতেহার- ২০২৬ বাস্তবায়নে সমবায় অধিদপ্তরের ১৮০ দিনের কর্মপরিকল্পনা

| ইশতেহার | ক্রম | কার্যক্রম | বাস্তবায়নের সময়সীমা | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা | দায়িত্বপ্রাপ্ত দপ্তর/ সংস্থা/শাখা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| **জনপ্রশাসন অধ্যায়- ১**<br>**স্বচ্ছতা ও দ্রুততার সাথে পাঁচ লক্ষ সরকারি কর্মচারি নিয়োগ :** সরকারের বিভিন্ন দপ্তর-সংস্থায় প্রায় পাঁচ লক্ষের অধিক সরকারি কর্মচারীর পদ শূন্য আছে। যতদ্রুত সম্ভব সম্পূর্ণ স্বচ্ছ প্রক্রিয়ায় যোগ্যতার ভিত্তিতে মেধাবী তরুণ-তরুণীদের সকল শূন্য পদে নিয়োগ দেয়া হবে। | ৯ | ১। সমবায় অধিদপ্তরের ১৫৬১টি পদ শূন্য রয়েছে। ১২তম গ্রেড থেকে ২০তম গ্রেডের ১৬টি ক্যাটাগরির ৫০১টি শূন্যপদে নিয়োগের জন্য ইতোমধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি/পুণ:নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। | ১৮০দিন | ১। প্রিলিমিনারি পরীক্ষা মে/২০২৬ এর ২য় সপ্তাহে গ্রহণ করা হবে।<br>২। প্রিলিমিনারি পরীক্ষার ফলাফল জুন/২৬ এর ১ম সপ্তাহে প্রকাশ করা হবে।<br>৩। লিখিত পরীক্ষা জুন/২৬ এর ৪র্থ সপ্তাহে অনুষ্ঠিত হবে।<br>৪। লিখিত পরীক্ষার ফলাফল আগষ্ট/২৬ এর ২য় সপ্তাহে প্রকাশ করা হবে।<br>৫। মৌখিক পরীক্ষা আগষ্ট/২৬ এর ৪র্থ সপ্তাহে গ্রহণ করা হবে। | সমবায় অধিদপ্তর (নিবন্ধক ও মহাপরিচালক, ১১তম থেকে ২০তম গ্রেডের নিয়োগ ও পদোন্নতি কমিটি ও প্রশাসন শাখা) | সময়মত নিয়োগের জন্য ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির অনুমতি ও অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে |
| **জনপ্রশাসন অধ্যায়- ১**<br>**জবাবদিহিমূলক ও জনবান্ধব জনপ্রশাসন গঠন:** দক্ষ, মেধাবী, জবাবদিহিমূলক ও জনবান্ধব জনপ্রশাসন গড়ে তোলা হবে। মেধার মূল্যায়ন নিশ্চিত করার লক্ষ্যে নিয়োগ প্রক্রিয়ায় যথাযথ সংস্কার করা হবে। সংবিধানের আলোকে একটি যথোপযুক্ত সিভিল সার্ভিস আইন প্রণয়ন করা হবে। প্রশাসনের সকল পর্যায়ে ই-গভার্ন্যান্স চালু করা হবে। জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশে বিদেশে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। | ৯ | সমবায় অধিদপ্তরের প্রদত্ত সকল নাগরিক সেবা ডিজিটাইজেশনের মাধ্যমে প্রদানের লক্ষ্যে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম এর মাধ্যমে নিবন্ধন, নিরীক্ষা, পরিদর্শন ইত্যাদি সেবা শতভাগ নিশ্চিতকরণ। | ১৮০দিন | ১। প্রাথমিক, কেন্দ্রীয় ও জাতীয় সমবায় সমিতির নিবন্ধন শতভাগ আগামী ৬০দিনের মধ্যে প্রদান নিশ্চিতকরণ।<br>২। আগামী ৯০দিনের মধ্যে ২০২৩-২৪ সালের আর্থিক হিসাব বিবরণী অনলাইনে এন্ট্রি নিশ্চিতকরণ।<br>৩। সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির তথ্য শতভাগ ওয়েব পোর্টালে ১৮০দিনের মধ্যে প্রকাশ করা।<br>৪। সমবায় অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল নাগরিক সেবা আগামী ১৮০ দিনের মধ্যে অনলাইনে প্রদান নিশ্চিতকরণ। | সমবায় অধিদপ্তর | |

| ইশতেহার | ক্রম | কার্যক্রম | বাস্তবায়নের সময়সীমা | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা | দায়িত্বপ্রাপ্ত দপ্তর/ সংস্থা/শাখা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| **দারিদ্র্য নিরসন ও সামাজিক সুরক্ষা অধ্যায়- ২ দারিদ্র্য-পীড়িত ও পশ্চাৎপদ অঞ্চলে টেকসই কর্মসংস্থান সৃষ্টি:** বাংলাদেশের দারিদ্র্য-পীড়িত, দুঃস্থ ও পশ্চাৎপদ শিক্ষা ও স্বাস্থ্যসেবা এবং অবকাঠামোগত সুযোগবঞ্চিত এলাকাগুলো তৃণমূলে জরিপের ভিত্তিতে চিহ্নিত করে মধ্য ও দীর্ঘ মেয়াদে এসব এলাকায় শিক্ষা, স্বাস্থ্য ও ভৌত অবকাঠামোগত সুযোগ সৃষ্টির মাধ্যমে টেকসই কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে। | ১২ | সমবায় অধিদপ্তরের চলমান ০৪টি প্রকল্পের মাধ্যমে ৫৯০০ জনকে প্রশিক্ষণ ও বিভিন্ন ট্রেডে ঘুর্ণায়মান তহবিল সহায়তা প্রদান করে দারিদ্র্য-পীড়িত ও পশ্চাৎপদ অঞ্চলে টেকসই কর্মসংস্থান সৃষ্টি করা হবে। এছাড়া রাজশাহী ও ময়মনসিংহ বিভাগ এবং বৃহত্তর কুমিল্লা অঞ্চলের দারিদ্র্য-পীড়িত ও পশ্চাৎপদ জনগোষ্ঠীর জন্য পরিকল্পনা কমিশনে সবুজ পাতাভুক্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাব অনুমোদনের কার্যক্রম চলমান রয়েছে। অনুমোদিত হলে কর্মসংস্থান নিশ্চিত হবে। | মার্চ/২৬-আগস্ট/২৬ | ১. মার্চ/২৬ এর মধ্যে ১০০০জনকে প্রশিক্ষণ ও ঘুর্ণায়মান তহবিল সহায়তা প্রদান করা হবে।<br>২. এপ্রিল/২৬ এর মধ্যে ৯০০জনকে প্রশিক্ষণ প্রশিক্ষণ ও ঘুর্ণায়মান তহবিল সহায়তা প্রদান করা হবে।<br>৩. মে/২৬ এর মধ্যে ১০০০জনকে প্রশিক্ষণ ও ঘুর্ণায়মান তহবিল সহায়তা প্রদান করা হবে।<br>৪. জুন/২৬ এর মধ্যে ১০০০জনকে প্রশিক্ষণ ও ঘুর্ণায়মান তহবিল সহায়তা প্রদান করা হবে।<br>৫. জুলাই/২৬ এর মধ্যে ১০০০জনকে প্রশিক্ষণ ও ঘুর্ণায়মান তহবিল সহায়তা প্রদান করা হবে।<br>৬. আগস্ট/২৬ এর মধ্যে ১০০০জনকে প্রশিক্ষণ ও ঘুর্ণায়মান তহবিল সহায়তা প্রদান করা হবে। | সমবায় অধিদপ্তর (প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ, জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহ)। | |

| ইশতেহার | ক্রম | কার্যক্রম | বাস্তবায়নের সময়সীমা | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা | দায়িত্বপ্রাপ্ত দপ্তর/ সংস্থা/শাখা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| **দারিদ্র্য নিরসন ও সামাজিক সুরক্ষা অধ্যায়- ২ পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে অগ্রাধিকার প্রদান:** সমাজের অবহেলিত গোষ্ঠী বা সম্প্রদায়কে (যেমন: তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী, বেদে ইত্যাদি) অগ্রাধিকার ভিত্তিতে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় নিয়ে আসা হবে। ভাসমান ও আভ্যন্তরীণ বাস্তুচ্যুত জনগোষ্ঠীর পুনর্বাসন, প্রশিক্ষণ ও কর্মসংস্থান কেন্দ্র স্থাপন করা হবে। গৃহকর্মী ও গিগ ওয়ার্কারদের (যেমন: ফ্রিল্যান্সার, ফুডপান্ডা, উবার, পাঠাও-এর চালক ইত্যাদির কাজে সম্পৃক্ত কর্মী) জন্য আইনগত স্বীকৃতি ও সুরক্ষা নিশ্চিত করা হবে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর জনগোষ্ঠীকে পর্যায়ক্রমে শতভাগ সামাজিক সুরক্ষা বেষ্টনীর আওতায় নিয়ে আসার প্রয়াস নেয়া হবে। | ১২ | ১। পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে অগ্রাধিকার প্রদানের জন্য রাজশাহী বিভাগের ক্ষুদ্র, নৃতাত্ত্বিক ও পশ্চাদপদ জনগোষ্ঠির সমবায়ভিত্তিক কর্মসংস্থান সৃজন প্রকল্প ও সমবায়ের মাধ্যমে ময়মনসিংহ বিভাগের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমানের টেকসই উন্নয়ন প্রকল্প ইতোমধ্যে আরএডিপিতে সবুজপাতায় অন্তর্ভূক্ত রয়েছে। এ প্রকল্পের মাধ্যমে সমাজের অবহেলিত গোষ্ঠী যেমন: তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী, দলিত শ্রেণির জনগণকে প্রশিক্ষণ প্রদান ও আবর্তক তহবিল সহায়তা প্রদানের মাধ্যমে স্বকর্মসংস্থান সৃষ্টি করা হবে।<br><br>২। দলিত শ্রেনি ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য বাস্তবায়নাধীন 'বরিশাল বিভাগের দারিদ্র পীড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্বকর্মসংস্থান সৃষ্টি' ও খুলনা বিভাগে পশ্চাতপদ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের মাধ্যমে অনগ্রসড় জনগোষ্ঠীকে অন্তর্ভূক্ত করার উদ্যোগ নেয়া হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে সমাজের অবহেলিত গোষ্ঠী যেমন: দলিত শ্রেনি ও প্রান্তিক জনগোষ্ঠীকে প্রশিক্ষণ প্রদান ও আবর্তক তহবিল সহায়তা প্রদানের মাধ্যমে স্বকর্মসংস্থান সৃষ্টি করা হবে। | ১৮০দিন | ১। আগষ্ট/২৬ এর মধ্যে রাজশাহী বিভাগের ক্ষুদ্র, নৃতাত্ত্বিক ও পশ্চাদপদ জনগোষ্ঠির সমবায়ভিত্তিক কর্মসংস্থান সৃজন প্রকল্প ও সমবায়ের মাধ্যমে ময়মনসিংহ বিভাগের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমানের টেকসই উন্নয়ন প্রকল্প দুটি অনুমোদনের লক্ষ্যে প্রক্রিয়াকরণের কাজ সম্পন্ন করা হবে।<br><br>২। বাস্তবায়নাধীন প্রকল্পের মাধ্যমে ৩০০ দলিত শ্রেনি ও প্রান্তিক জনগোষ্ঠী নিয়ে ৯০দিনের মধ্যে সমিতি গঠন করা হবে। পরবর্তী ০৩ মাসের মধ্যে তাদের প্রশিক্ষণ ও প্রকল্পের ঘুর্ণায়মান তহবিল সহায়তা প্রদান করা হবে। | সমবায় অধিদপ্তর | অর্থ বিভাগের জনবল কমিটির অনুমোদন ও পরিকল্পনা কমিশনের অনুমোদন সাপেক্ষে |

| ইশতেহার | ক্রম | কার্যক্রম | বাস্তবায়নের সময়সীমা | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা | দায়িত্বপ্রাপ্ত দপ্তর/ সংস্থা/শাখা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| **নারীর ক্ষমতায়ন অধ্যায়- ২**<br>**নারীর সামাজিক ও অর্থনৈতিক বিকাশ:** নারীদেরকে পরিবার ও সামাজিক উন্নয়নের কেন্দ্রে রাখা হবে। স্বাস্থ্য, গ্রামীণ উন্নয়ন, কর্মসংস্থানে নারীদের অগ্রাধিকার দেওয়া হবে। কন্যা শিশুদের নিরাপত্তা ও সুন্দর মানবিক বিকাশ নিশ্চিত করা হবে। প্রতিটি মেয়ে যে স্বপ্ন দেখে, তার সেই স্বপ্নপূরণের পথে রাষ্ট্র যাতে প্রতিবন্ধকতা সৃষ্টি না করে সেদিকে নজর দেওয়া হবে। | ১২ | সমবায়ের মাধ্যমে নারীর দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি একনেক সভায় উপস্থাপন করা হবে। নারীদের ট্রেডভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও অর্থ সহায়তার মাধ্যমে উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা হবে। যার ফলে নারীদের সামাজিক ও অর্থনৈতিক বিকাশ সাধিত হবে। | ১৮০দিন | এপ্রিল/২৬ এর মধ্যে পরিকল্পনা কমিশন কর্তৃক চাহিত ঘূর্ণায়মান তহবিল যাচাই সংক্রান্ত প্রতিবেদনটি পরিকল্পনা কমিশনে প্রদান করা হবে। অনুমোদন সাপেক্ষে ০৬ মাসের মধ্যে প্রকল্প এলাকায় নারী সমবায় সমিতি গঠন করে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়ন করে কর্মসংস্থান সৃষ্টি করা হবে। | সমবায় অধিদপ্তর | পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদন সাপেক্ষে |
| **কৃষক, কৃষি উন্নয়ন ও নিরাপদ খাদ্য অধ্যায়- ২**<br>**সমবায় পুনরুজ্জীবন:** সমবায় খাতকে পুনরুজ্জীবিত করে এলাকা ভিত্তিক উৎপাদন ও বিপণনের ওপর বিশেষায়িত কৃষি সমবায় সমিতি গঠন করা হবে। কৃষিখাতে উৎপাদন ও লাভ বৃদ্ধিকল্পে আধুনিক সমবায় কৃষি ব্যবস্থা সম্প্রসারনের উদ্যোগ গ্রহণ করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেয়া হবে। | ১৩ | "সমবায় সমিতিসমূহের উন্নয়নে বিদ্যমান চ্যালেঞ্জসমুহ চিহ্নিতকরণ ও সমাধানের কৌশল নির্ধারণঃ প্রেক্ষিত- কৃষি সমবায় সমিতি" শীর্ষক গবেষণার মাধ্যমে নির্জীব সমবায় সমিতিগুলো সম্পর্কে তথ্য পাওয়া যাবে এবং গবেষণার সুপারিশের আলোকে অকার্যকর কৃষি সমবায় সমিতিগুলোকে সক্রিয় করা হবে এবং উক্ত সমবায় সমিতিগুলোতে সরকার কর্তৃক কৃষক কার্ড প্রাপ্ত কৃষকদের সমিতির অন্তর্ভূক্ত করা হবে। যে এলাকায় কৃষি সমবায় সমিতি নেই সেই সব এলাকাগুলোতে কৃষক কার্ড প্রাপ্ত কৃষকদের কে নিয়ে কৃষি সমবায় সমিতি গঠন করা হবে। | ১৮০দিন | ১। "সমবায় সমিতিসমূহের উন্নয়নে বিদ্যমান চ্যালেঞ্জসমুহ চিহ্নিতকরণ ও সমাধানের কৌশল নির্ধারণঃ প্রেক্ষিত- কৃষি সমবায় সমিতি" শীর্ষক গবেষণাটি মে/২৬ এর মধ্যে সম্পন্ন করে জুন/২৬ এর মধ্যে প্রতিবেদন প্রকাশ করা হবে।<br><br>২। সুপারিশের আলোকে যে সকল সমিতিগুলো সক্রিয় করা সম্ভব সে সকল সমিতিগুলো আগষ্ট/২৬ এর মধ্যে সক্রিয়করণের ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>৩। যে সকল এলাকায় কৃষি সমবায় সমিতি নেই সেসকল এলাকায় কৃষক কার্ড প্রাপ্ত কৃষকদের নিয়ে ১৮০দিনের মধ্যে কৃষি সমবায় সমিতি গঠন করা হবে। | সমবায় অধিদপ্তর ও মাঠপর্যায়ের কার্যালয়সমূহ | ১। গবেষণায় প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে পদক্ষেপ গ্রহণ।<br><br>২। সমবায় সমিতির সদস্যদের উদ্বুদ্ধকরণ।<br><br>৩। কৃষক কার্ড প্রাপ্তি সাপেক্ষে। |

| ইশতেহার | ক্রম | কার্যক্রম | বাস্তবায়নের সময়সীমা | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা | দায়িত্বপ্রাপ্ত দপ্তর/ সংস্থা/শাখা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| **পরিবেশ সংরক্ষণ ও টেকসই সংরক্ষণ অধ্যায়- ২ পরিবেশ সংরক্ষণ ও টেকসই উন্নয়ন:** ২৫ কোটি বৃক্ষরোপণ ও সবুজ কর্মসংস্থান সৃষ্টি: আগামী পাঁচ বছরে সারাদেশে ২৫ কোটি গাছ রোপণ ও রক্ষণাবেক্ষণ করা হবে। বৃক্ষরোপণকে শুধু গতানুগতিক কর্মসূচির মধ্যে না রেখে, বরং জনগণের অংশগ্রহণে অর্থনৈতিক, সামাজিক ও প্রজন্মগত উন্নয়নের এক সবুজ বিপ্লবে রূপান্তর করা। এই উদ্যোগের মাধ্যমে সরাসরি ও পরোক্ষভাবে ৩.৫ লক্ষাধিক সবুজ কর্মসংস্থান তৈরি হবে, যেখানে নারী, যুবক-যুবতী ও গ্রামীণ জনগণ সমানভাবে অংশ নেবে। একই সঙ্গে ১০,০০০ নতুন নার্সারি উদ্যোক্তা গড়ে তোলা হবে, যা ২.৫ লক্ষাধিক কর্মসংস্থান তৈরি করবে। | ২৫ | সমবায় অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তরসমূহ এবং সমবায় সমিতিগুলো সমগ্র বাংলাদেশ ব্যাপী ৪ লক্ষ ৫০ হাজার বৃক্ষ রোপন করবে। | ১৮০দিন | প্রতি মাসে ৭৫ হাজার হিসেবে পরবর্তী আগষ্ট/২৬ মাসের মধ্যে সমগ্র বাংলাদেশ ব্যাপী ৪ লক্ষ ৫০ হাজার বৃক্ষরোপনের লক্ষমাত্র পূরণ করা হবে। | সমবায় অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তরসমূহ এবং সমবায় সমিতিসমূহ | |

মোহাম্মদ মনিরুল ইসলাম
যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

স্মারক নং: ৪৭.৬১.০০০০.০৪৯.০৫.০০১.১৮ . ২৭

তারিখ: ১১ ফাল্গুন, ১৪৩২ / ২৪ ফেব্রুয়ারি, ২০২৬

বিষয়ঃ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২২.০০.০০০০.০৬৬.৩১.০০১.২৬.৫৪ স্মারক মূলে জারিকৃত পত্রে সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২০৩০ পর্যন্ত সময়ে "০৫ (পাঁচ) বছরের ২৫ কোটি বৃক্ষরোপন" বিষয়ে সমবায় অধিদপ্তর, ঢাকা এর কর্মপরিকল্পনা ও কর্মকৌশল।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের অংশ হিসেবে, বৃক্ষরোপন কার্যক্রম বাস্তবায়ন ও ত্বরান্বিতকরণে সমবায় অধিদপ্তর এর কর্মপরিকল্পনা ও কর্মকৌশল নিম্নোক্ত ছক অনুযায়ী উপস্থাপন করা হলো:

| ক্র: নং | বছর | সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস আঙ্গিনা, সমবায় সমিতির সদস্যদের বসতভিটা, সমবায় সমিতির পরিত্যক্ত জায়গা ও সামাজিক বনায়নের অংশ | মোট |
|---|---|---|---|
| | | ফলদ ও বনজ বৃক্ষ চারা | |
| ১ | ১ম বছর | ৯,০০,০০০ টি | ৯,০০,০০০ টি |
| ২ | ২য় বছর | ৯,০০,০০০ টি | ৯,০০,০০০ টি |
| ৩ | ৩য় বছর | ৯,০০,০০০ টি | ৯,০০,০০০ টি |
| ৪ | ৪র্থ বছর | ৯,০০,০০০ টি | ৯,০০,০০০ টি |
| ৫ | ৫ম বছর | ৯,০০,০০০ টি | ৯,০০,০০০ টি |
| | | মোট= | ৪৫,০০,০০০ টি |

কথায়:(পঁয়তাল্লিশ লক্ষ) টি।

সমবায় অধিদপ্তর সমবায় সমিতির সদস্যদের মাধ্যমে তাদের বসতভিটা, সমবায় সমিতির অফিস আঙ্গিনা ও সামাজিক বনায়নসহ বিভিন্ন পতিত জমিতে ০৫(পাঁচ) বছরে মোট ৪৫ লক্ষ চারা রোপন ও রক্ষনাবেক্ষনের পরিকল্পনা গ্রহণসহ মনিটরিং কার্যক্রম করবে।

২। এমতাবস্থায় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চাহিত বৃক্ষরোপন কর্মপরিকল্পনা সদয় নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

24/02/2026

মোঃ নবীরুল ইসলাম
অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)
সমবায় অধিদপ্তর, ঢাকা
ইমেইল: addl.admin@coop.gov.bd

যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন)
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner